# ALL INDIA RADIO, SILCHAR

*************

## EVENING BULLETIN : BENGALI

## Date: - 14-06-2024

## *Time: 19:45-19:55 Hrs*

---------------------------------------

১। রাজ্যে বর্তমানে সৌরশক্তি উৎপাদনের ওপর সর্বাধিক গুরুত্ব আরোপ করা হচ্ছে বলে মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মার নামরূপে নতুন সৌরশক্তি প্রকল্পের ভিত্তিপ্রস্থর স্থাপন করে প্রকাশ ।

২।দক্ষতা নিয়োগ ও উদ্যমিতা তথা পর্যটন মন্ত্রী জয়ন্ত মল্ল বরুয়ার আজ বিভাগের আধিকারীকদের সঙ্গে বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয় নিয়ে পর্যালোচনা ।

৩। মোবাইল ফোন হারিয়ে গেলে বা চুরি হলে পুলিশ থানার মাধ্যমে কেন্দ্রীয় সরকারের দূরসঞ্চার বিভাগের আই এম ই আই নম্বর পঞ্জিয়ন করতে জনসাধারণের প্রতি আহ্বান ।

এবং

৪। আজ বিশ্ব রক্তদাতা দিবস উপলক্ষে আসামেও বিভিন্ন কার্যসূচী গ্রহণ।

-------------------------------------------------------------------

মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা আজ নামরূপ তাপবিদ্যুৎ প্রকল্পের পাশে ২৫ মেগাওট ক্ষমতা সম্পন্ন নতুন সৌরশক্তি প্রকল্পের ভিত্তপ্রস্থর স্থাপন করেন ।১০৮ একর জমিতে এই প্রকল্পটি স্থাপন করা হবে বলে উল্লেখ করে এই প্রকল্পটির জন্য রাজ্য সরকার ১১৬ কোটি টাকা এবং ওয়েল ইন্ডিয়া

লিমিটেডও সমপরিমানের অর্থ ব্যায় করবে বলে মুখ্যমন্ত্রী জানান । রাজ্যে বর্তমানে সৌরশক্তি উৎপাদনের ওপর সর্বাধিক গুরুত্ব আরোপ করা হচ্ছে এবং শীঘ্র কার্বিআংলংয়ে একহাজার মেগাওট ক্ষমতা সম্পন্ন সৌরশক্তি প্রকল্প নির্মাণের কাজ শুরু করা হবে বলেও ডঃ শর্মা জানান ।২০৩০ সালের মধ্যে রাজ্যে ৩ হাজার মেগাওট সৌরশক্তি উৎপাদন সম্ভব হয়ে উঠবে বলে মুখ্যমন্ত্রী আশা প্রকাশ করেন ।ভাষণ প্রসঙ্গে মুখ্যমন্ত্রী প্রধানমন্ত্রী সূর্য ঘর প্রকল্পের ইতিবাচক দিক সমুহের ওপর আলোকপাত করে নির্বাচনী প্রতিশ্রুতি অনুযায়ী সরকার ইতিমধ্যে বিভিন্ন প্রকল্প রূপায়নের উদ্দেশ্যে কাজ শুরু করেছে বলে জানান ।নির্বাচনের পূর্বে দেওয়া সব প্রতিশ্রুতি পালন করা হবে বলেও তিনি জানান ।মুখ্যমন্ত্রী প্রতিষ্ঠানটির আধিকারীক কর্মচারীদের সঙ্গেও মত বিনিময় করেন ।এদিকে  মুখ্যমন্ত্রী এইবছর কলেজে ভর্তি হওয়া শিক্ষার্থীদের ১০ হাজার , ১২ হাজার ৫০০ এবং ২৫ হাজার টাকা করে বৃত্তি প্রদান করা হবে বলে জানান । এই অর্থ তাদের বেংক একাউন্টে মাসিক কিস্তি হিসেবে প্রদান করা হবে বলে ও তিনি জানান ।

---------------------------------------------------------------------------

দক্ষতা ,নিয়োগ ও উদ্যমিতা তথা পর্যটন মন্ত্রী জয়ন্ত মল্ল বরুয়া আজ পর্যটন বিভাগের আধিকারিকের সঙ্গে এক পর্যালোচনামূলক বৈঠকে মিলিত হন । বৈঠকে বিভাগটির বিভিন্ন গুরুত্বপূর্ণ  বিষয় নিয়ে আলোচনা করা সহ চলতি অর্থ বছরের জন্য গ্রহণ করা পদক্ষেপগুলি নিয়ে আলোচনা করা হয় । মন্ত্রী দক্ষতা ,নিয়োগ ও উদ্যমিতা বিভাগের আধিকারিকদের সঙ্গেও বৈঠকে মিলিত হন । বৈঠকে রাজ্যজুড়ে দক্ষ লোকেদের খুঁজে বের করতে  গ্রহণ করা পদক্ষেপের বিষয়েও আলোচনা করা হয় । চলতি অর্থ বছরের জন্য পরিকল্পনা ,ধ্বজাবাহী কার্যসূচী , আসাম দক্ষতা বিকাশ অভিযানের প্রশিক্ষণমূলক পাঠ্যক্রম ,নিয়োগ বিনিময় কেন্দ্রগুলিতে নাম পঞ্জীয়নের বিস্তারিত , আই টি আই সমূহের কাজকর্ম সহ বৈঠকে বিভিন্ন বিষয়ে আলোচনা করা হয় ।

---------------------------------------------------------------------------

রাজ্য পশুধন ও হাঁস মূরগী নিগমের উদ্যোগে আজ দুদিনব্যাপী কার্যসূচীর

মাধ্যমে পশুপালন সম্পর্কীত এক প্রশিক্ষণ কর্মশালা শুরু হয়েছে ।এই কর্মশালায় রাজ্যের বিভিন্ন প্রান্তের দুশো'র বেশী যুবক যুবতি অংশগ্রহণ করেছে । অনুষ্ঠানে নিগমের অধ্যক্ষ মনোজ শইকিয়া পশুপালন বৃত্তিকে সাম্প্রতিক সময়ের লাভজনক বৃত্তি বলে উল্লেখ করে পশুপালনের মাধ্যমে গ্রামীণ অর্থনীতিকে শক্তিশালী করে তোলা যায় বলে মন্তব্য করেন ।তিনি যুবক যুবতিদের পশুপালনের মাধ্যমে স্বাবলম্বী হওয়ার আহ্বান জানান এবং এই ক্ষেত্রে সম্ভাব্য সবধরণের সহযোগিতা প্রদান করার প্রতিশ্রুতি দেন ।

---------------------------------------------------------------------------

রাজ্যের বিশেষ টাস্ক ফোর্স আজ গোপন সূত্রের খবরের ভিত্তিতে অভিযান চালিয়ে ২৭ নম্বর জাতীয় সড়কের সোনাপুর টোলগেটে একটি গাড়ী থেকে ড্রোণ সহ অন্যান্য বেশকিছু অবৈধ যন্ত্রপাতি উদ্ধার করেছে । উল্লেখ্য মণিপুরের একটি নিষিদ্ধ সংগঠন অপরাধমূলক কাজকর্ম সংঘটিত করার উদ্দেশ্যে যন্ত্রপাতি ক্রয় করার প্রয়াস চালাচ্ছে বলে পুলিশ নির্ভরযোগ্য সূত্র থেকে তথ্য লাভ করেছিলো । গৌহাটীর ছয়মাইল অঞ্চলে পুলিশ বাহনটিকে চিহ্নিত করে সোনাপুর টোলগেটে জব্দ করতে সক্ষম হয় । ইতিমধ্যে ঘটনা সম্পর্কে পুলিশ ২৭ বছরের একজন মণিপুরী যুবককে আটক কটেছে । জব্দ করা গাড়ীটিতে যুবকটির সঙ্গে অন্য দুজন কিশোর ছিলো বলেও পুলিশ জানিয়েছে ।এই ঘটনা সম্পর্কে অনুসন্ধান অব্যাহত রয়েছে ।

---------------------------------------------------------------------------

আসাম পুলিশ সাইবার অপরাধ নিয়ন্ত্রণের ক্ষেত্রে গৃহীত কঠোর ব্যাবস্থার ফলে বিগত চার মাসে ৭৮ লক্ষেরও অধিক অর্থ অপরাধীর হাত থেকে ফিরিয়ে আনতে সক্ষম হয়েছে । মূখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মা গতকাল সামাজিক মাধ্যমে এ কথা জানিয়ে এই সফলতার জন্য পুলিশকে অভিনন্দন জানান । সম্প্রতি পুলিশ দুমাসের মধ্যে সাইবার অপরাধের মামলা নিষ্পত্তি করে গৌহাটীর একজন প্রবীণ নাগরিকের ১০ লক্ষ ৫০ হাজারেরও অধিক অর্থ অপরাধীর হাত থেকে ফিরিয়ে আনতে সক্ষম হয়েছে বলে মূখ্যমন্ত্রী উল্লেখ করেন । সেইসঙ্গে তিনি ১৯৩০ ডায়াল করে যেকোনো সাইবার অপরাধের ঘটনার সম্মুখীন হলেই পুলিশকে অবগত করানোর আহ্বান জানান ।

---

মণিপুরের জলসেঁচ ও বন্যা নিয়ন্ত্রণ বিভাগের মন্ত্রীর নেতৃত্বে এক প্রতিনিধি দল আজ জিরিবাম জেলার বিভিন্ন ত্রাণশিবির গুলোতে আশ্রয় গ্রহণ করে থাকা লোকেদের মধ্যে ত্রাণ সামগ্রী বন্টন করেন ।সাংবাদিকদের সঙ্গে কথাবার্তায় মন্ত্রী বলেন যে জেলায় স্বাভাবিক অবস্থা ফিরিয়ে আনতে সতর্কতা মূলক ব্যবস্থা গ্রহণ করা হয়েছে ।রাজ্য সরকারের পক্ষ থেকে ক্ষতিগ্রস্থ বাসগৃহগুলো পুনর নির্মাণ করা হবে বলে তিনি জানান ।তিনি এলাকায় স্বাভাবিক অবস্থা ফিরিয়ে আনতে সরকারী এজেন্সি এবং সুরক্ষা বাহিনীকে সহায়তা করতে জনসাধারণের প্রতি আহ্বান জানান। উল্লেখ্য গত ৬ জুন বিকেলে দুষ্কৃতকারীরা জিরিবামের বিভিন্ন স্থানে হিংসাত্মক পরিস্থিতির সৃষ্টি করে বহু বাসগৃহ ও সরকারী সম্পত্তিতে অগ্নিসংযোগ করে ।এই ঘটনার পরিপ্রেক্ষিতে শিশু সহ প্রায় ৯৫০ জন গ্রামবাসী সাতটি ত্রাণ শিবিরে আশ্রয় গ্রহণ করেছেন ।এদিকে মণিপুরের মুখ্যমন্ত্রী এন বীরেন সিংয়ের শীঘ্র জিরিবাম সফরের সম্ভাবনা রয়েছে বলে জানা গেছে ।

---

পুলিশের সঞ্চালক প্রধান জি পি সিং মোবাইল ফোন হারিয়ে গেলে বা চুরি গেলে নিজে অথবা পুলিশ থানার মাধ্যমে কেন্দ্রীয় সরকারের দূর সংযোগ বিভাগের সি ই আই আর পোর্টেলে হারিয়ে যাওয়া মোবাইলের আই এম ই আই নম্বর তথা মোবাইল নম্বর পঞ্জীয়ন করতে জনসাধারণের প্রতি আহ্বান জানিয়েছেন । সেইসঙ্গে তিনি পুরোনো মোবাইল ক্রয় করার জন্য আগ্রহী লোকেদের মোবাইলটির আই এম ই আই নম্বর সংশ্লিষ্ট পোর্টেলে পরীক্ষা করে নেবার আহ্বান জানান । উল্লেখ্য গৌহাটী পুলিশ বিভিন্ন সময়ে উদ্ধার করা ৬৫০ টি চুরি যাওয়া মোবাইল ফোন এবং ১৬ টি ল্যাপটপ আজ পানবাজারে থাকা গৌহাটীর পুলিশ কমিশনারের কার্যালয়ে জনসাধারণের সুবিধার্থে প্রদর্শন করেছে । এদিকে গৌহাটী সহ শহরাঞ্চলে সংঘটিত হওয়া মোবাইল ফোন তথা গলার হার কেড়ে নেওয়া ইতদি অপরাধের বিরুদ্ধে বিশেষ অভিযান চালাতে পুলিশকে নির্দেশ দেওয়া হয়েছে বলেও তিনি জানান ।

---

আজ বিশ্ব রক্তদাতা দিবস ।আসামেও আজ এই দিবস উপলক্ষে বিভিন্ন কার্যসূচী গ্রহণ করা হয়েছে ।এই দিবস উপলক্ষে এক শুভেচ্ছা বার্তায় মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা বলেন যে রক্তদান হচ্ছে মানুষের জীবনের অন্যতম শ্রেষ্ঠ দান ।রক্তদান অন্য একজনের জীবন রক্ষা করতে পারে বলে উল্লেখ করে মুখ্যমন্ত্রী  রক্তদানের ইতিবাচক দিকগুলো প্রচার করে সমাজে শুভ বার্তা প্রেরণ করার আহ্বান জানান ।এদিকে এই দিবস উপলক্ষে স্বাস্থ্যমন্ত্রী কেশব মহন্ত আজ আসাম রাজ্য রক্ত সংরক্ষণ পরিষদ আয়োজিত রাজ্য পর্যায়ের কার্যসূচীতে অংশগ্রহণ করেন ।এর পূর্বে স্বাস্থ্যমন্ত্রী গুয়াহাটী মেডিক্যাল কলেজ ও হাসপাতালের রক্ত কেন্দ্রের ব্যবস্থাপনায় ভ্রাম্যমান স্বেচ্ছামূলক রক্তদান শিবিরের সূচনা করেন ।এই শিবিরে স্বেচ্ছায় রক্তদানকরা শ্রেষ্ঠ রক্তদাতা , প্রতিরক্ষা বাহিনী ও কেন্দ্রীয় সংরক্ষিত পুলিশ বাহিনীর আধিকারীক , জওয়ানদের সম্বর্ধনা জ্ঞাপন করা হয় ।

---------------------------------------------------------------------------

গৌহাটী বিশ্ববিদ্যালয়ের স্নাতকোত্তর নামভর্তি প্রবেশ পরীক্ষা আগামী ৯ জুলাই থেকে ১১ জুলাই পর্যন্ত অনুষ্ঠিত হবে । আসাম তথা উত্তর-পূর্বাঞ্চলের রাজ্যগুলির মোট ১০ টি পরীক্ষাকেন্দ্রে এই প্রবেশ পরীক্ষা অনুষ্ঠিত হবে । বিশ্ববিদ্যালয়ের স্নাতকোত্তর শ্রেণীতে নামভর্তির জন্য ইচ্ছুক শিক্ষার্থীদের এই পরীক্ষায় অবতীর্ণ হবার জন্য অনলাইনের মাধ্যমে আবেদন করতে হবে । বিশ্ববিদ্যালয়ের শ্রেণীসমূহের সচিবের জারী করা বিজ্ঞপ্তি অনুসারে আগামী ১৫ জুন থেকে অনলাইন পোর্টেলের মাধ্যমে আবেদনের প্র-পত্র পূরণ প্রক্রিয়া আরম্ভ হবে এবং আগামী ২৫ জুন রাত ১২ টায় এই প্র-পত্র পূরণ প্রক্রিয়ার সমাপ্তি হবে ।

---------------------------------------------------------------------------

লায়ন্স ক্লাব অব লালার উদ্যোগে এবং প্রিমিয়ার সিনিয়র সেকেন্ডারী স্কুলের সহযোগীতায় আজ লালায় বিশ্ব রক্তদাতা দিবস পালন করা হয় । এ উপলক্ষ্যে আয়োজিত এক সভায় লালা অঞ্চলের ২০ জন রক্তদাতাকে সংবর্ধনা জানানো হয়েছে । এছাড়া ক্লাবের সভাপতি নুরুল মজুমদারের পৌরহিত্যে আয়োজিত সভায় স্বেচ্ছামূলক রক্তদান আন্দোলনকে গণ

আন্দোলনের রূপ দিতে আহ্বান জানিয়ে সাহাব উদ্দিন লস্কর , হিফজুর রহমান লস্কর , মনোয়ার হোসেন চৌধুরী প্রমুখ বক্তব্য রাখেন ।

---------------------------------------------------------------------------

বরাক ভ্যালী ব্লাড ডোনার্স ফোরামের হাইলাকান্দি শাখার উদ্যোগে এবং রিলায়েন্স নিপ্পন লাইফ ইন্সুরেন্সের সহযোগীতায় আজ কোম্পানীর শাখা কার্যালয়ে বিশ্ব রক্তদাতা দিবস পালন করা হয় । এ উপলক্ষ্যে আয়োজিত সভায় বিশ্ব রক্তদাতা দিবসের তাৎপর্য্য নিয়ে সুর্দশন ভট্টাচার্য্য , রঞ্জিত ঘোষ প্রমূখ বক্তব্য রাখেন ।

---------------------------------------------------------------------------

করিমগঞ্জ জেলার পাথারকান্দি বিধানসভা কেন্দ্রের অর্ন্তগত বাঘন গ্রামের ইঁদুরাইল বস্তিতে গতকাল গভীর রাতে এক অগ্নিকান্ডে ১৭টি গরু ভস্মিভূত হয়ে যায় । আমাদের সংবাদদাতা জানিয়েছেন যে ইঁদুরাইল বস্তির সুরোজ কৈরী নামের এক ব্যাক্তির গোয়াল ঘরে বাঁধা থাকা অবস্থায় অগ্নিকান্ড সংঘটিত হলে ১৭টি গরু আগুনে ভস্মিভূত হয়েছে বলে জানা গেছে । কাঁঠালতলী পুলিশ অগ্নিকান্ডের ঘটনার তদন্ত শুরু করেছে ।

---------------------------------------------------------------------------

কাছাড় জেলা প্রশাসন , জেলার স্বাস্থ্য ও পরিবার কল্যান বিভাগের উদ্যোগে , নিরাময় যোগ বিদ্যালয়ের পরিচালনায় এবং শিলচর মহিলা কলেজের সহযোগীতায় আগামী ১৬ই জুন সকাল ৯টা থেকে আয়োজিত হতে চলছে কাউন্ট ডাউন কার্য্যসূচী । এই কাউন্ট ডাউন কার্য্যসূচীর বিষয় হচ্ছে-মহিলাদের সুস্থতা এবং যোগিক অনুশীলন ।

---------------------------------------------------------------------------

লায়ন্স ক্লাব শিলচর সেন্ট্রালের উদ্যোগে এবং ময়নাগড় চা বাগানের স্বামী বিবেকানন্দ সেবা সমিতির সহযোগীতায় আগামী ১৮ই জুন ময়নাগড় দূর্গা মন্দিরে বিনামূল্যে চক্ষু পরীক্ষা শিবির অনুষ্ঠিত হবে । শিবিরটি শুরু হবে সকাল ১০টায় ।

এদিকে শিলচরের চৌধুরী আই হসপিটালের উদ্যোগে আগামী ১৬ই জুন শিলচর মালুগ্রাম রাধারমন পল্লীতে অনুরূপ চক্ষু পরীক্ষা শিবিরের আয়োজন করা হয়েছে । শিবিরটিও শুরু হবে সকাল ১০টায় ।

--------------------------------------------------------------------------